

৪৩.২০.৯১০০.০০১.৪৮.০০১.১৯.০৪০

৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : লিটল ম্যাগাজিন প্রকাশনার লক্ষ্যে লেখা আহ্বান।

সূত্র : ৪৩.২০.০০০০.০০১.৯৯.০০১.২১.১৮; তারিখ : ২৪ জানুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প-সাহিত্য, বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল চর্চার বিকাশে লিটল ম্যাগাজিন তথা ছোটকাগজ চর্চা অত্যন্ত তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশে বিভিন্ন সময়ে প্রকাশিত লিটল ম্যাগাজিন নিয়ে প্রদর্শনী আয়োজনসহ গুরুত্বপূর্ণ লিটল ম্যাগাজিনকে সম্মাননা জানানোর উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে সিলেট জেলার বিশিষ্ট কবি, লেখক, গবেষক, শিশু-কিশোর, নারী ও প্রবীণসহ সকল পর্যায়ের লেখকগণের মানসম্পন্ন লেখা নিয়ে একটি লিটল ম্যাগাজিন প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে।

এমতাবস্থায়, লিটল ম্যাগাজিনে প্রকাশনার লক্ষ্যে সর্বোচ্চ ২৫০০ শব্দের মধ্যে সমাজ, সাহিত্য ও দর্শন, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি, সমসাময়িক, আত্মকথা, প্রবন্ধ, ছোটগল্প, নাটক ও কবিতা বিষয়ক মানসম্পন্ন লেখা আগামী ০৭ মার্চ ২০২১ তারিখের মধ্যে ইমেইলে sylhet@shilpakala.gov.bd অথবা নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি সফট কপি ও হার্ড কপি (লেখকের স্বাক্ষরসহ) প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(অসিত বরণ দাশ গুপ্ত)

জেলা কালচারাল অফিসার


সিলেট

ফোন : ০৮২১-৭১৯০৫৮

sylhet@shilpakala.gov.bd

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।



(অসিত বরণ দাশ গুপ্ত)

জেলা কালচারাল অফিসার

সিলেট